# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

### সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।*

১.▶ রহিম মিয়ার বাড়ি দিনাজপুর জেলায়। প্রতি বছর খরার কারণে গবাদিপশু নিয়ে তিনি বিপাকে পড়েন। পশু কর্মকর্তা তাকে গবাদিপশু রক্ষার প্রয়োজনীয় পরামর্শ দিলেন।

ক. IPCC কী? ১

খ. জলবায়ু পরিবর্তনের ফলে দেশে কী প্রভাব পড়ছে ব্যাখ্যা করো। ২

গ. রহিম মিয়া কীভাবে পশুগুলোকে রক্ষা করলেন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের অঞ্চলে ফসল উৎপাদনে খরার প্রভাব বিশ্লেষণ করো। ৪

২.▶ জনাব বাবলু মিয়া সুনামগঞ্জের একজন অভিজ্ঞ কৃষক। সুনামগঞ্জের হাওরগুলো বন্যায় প্লাবিত হওয়ায় এ এলাকায় সকল চাষির ধান জলাবদ্ধতার কারণে মারা যায়। কিন্তু বাবলু মিয়ার ধানের ক্ষেতের কোনো ক্ষতি হয়নি।

ক. গ্লাইকোফাইটস কী? ১

খ. কিছু কিছু উদ্ভিদ প্রোলিন উৎপাদন করে কেন? ব্যাখ্যা করো। ২

গ. কৃষক বাবলু মিয়া যে ধানের জাতগুলো নির্বাচন করেছিল তার বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের হাওর অঞ্চলের বন্যায় বাবলু মিয়ার গৃহীত পদক্ষেপের গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

৩.▶ রবি তার বাবার সাথে নদীতে মাছ ধরতে গেলে একটি নির্দিষ্ট জায়গা

https://teachingbd24.com

দেখিয়ে বাবা রবিকে সেখান থেকে মাছ ধরতে নিষেধ করল এবং জানাল এটি মাছের জন্য সংরক্ষিত অঞ্চল। বাবা তাকে আরো জানাল, বর্তমানে জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের মৎস্য উৎপাদন ব্যাহত হচ্ছে।

ক. জাটকা কী? ১

খ. মৎস্য সংরক্ষণ আইন বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. রবির বাবার নির্দিষ্ট স্থান থেকে মাছ ধরতে নিষেধ করার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. রবির বাবার বলা শেষ উক্তিটি মূল্যায়ন করো। ৪

**৪.▶** কাশেম সাহেব আসবাবপত্র তৈরির জন্য তার বাড়ির বন বাগান থেকে ৪০ বছর বয়সী একটি সেগুন গাছ কুড়ালের সাহায্যে কাটেন। গাছটির চিকন, মাঝখান ও মোটা মাথার বেড় যথাক্রমে ২ মিটার, ২.৫ মিটার ও ৩ মিটার এবং লগের দৈর্ঘ্য ছিল ১০ মিটার। লগটি স মিলে চেরাই করে কাঠগুলো সিজনিং না করেই ওগুলো দিয়ে আসবাবপত্র তৈরি করেন।

ক. কোন বনায়নের মাধ্যমে সবুজ বেষ্টনী তৈরি করা হয়েছে? ১

খ. কৃষিবন বলতে কী বোঝ? ২

গ. কাশেম সাহেবের লগটির ভলিউম নির্ণয় করো। ৩

ঘ. কাশেম সাহেবের কর্মকাণ্ড মূল্যায়ন করো। ৪

**৫.▶** সুমন সাহেব কৃষি সমবায়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করে এলাকার কৃষকদের নিয়ে রূপসী বাংলা নামে একটি কৃষি সমবায় সমিতি গড়ে তোলেন। সমিতির নিয়মিত সভায় সদস্য আমেনা বেগম বলেন, রূপসী বাংলা সমিতি আমাদের ভাগ্য বদলে দিয়েছে।

Teachingbd24.com


ক. কৃষির আধুনিকায়নের জন্য কী প্রয়োজন? ১

খ. কৃষি ঋণ প্রাপ্তিতে কৃষি সমবায়ের ভূমিকা লেখো। ২


গ. সুমন সাহেব উক্ত সংগঠনটি কীভাবে গড়ে তুলেছিলেন? ৩

ঘ. আমেনা বেগমের উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬.▶



চিত্র–ক



চিত্র–খ

ক. সমন্বিত চাষ কাকে বলে? ১

খ. সমন্বিত চাষে ভূমির ব্যবহার দ্বিগুণ হয় কীভাবে? ব্যাখ্যা করো। ২

গ. চিত্র ক ও খ-এ উল্লিখিত পদ্ধতির মধ্যে কোনটির উৎপাদন খরচ কম? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরিবারের আয় ও পুষ্টি বৃদ্ধিতে চিত্রে উল্লিখিত কোন পদ্ধতিটি উত্তম? যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৭.▶ বেকার যুবক তালেব বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী থেকে মৎস্য চাষের উপর প্রশিক্ষণ নিয়ে মাছ চাষের সিদ্ধান্ত নেন। তিনি ৫০ শতাংশের পুকুর সংস্কার করে কার্প জাতীয় মাছ চাষের জন্য প্রস্তুত করেন। প্রয়োজনীয় সার প্রয়োগের পর মাছের পোনা মজুদ করেন। মজুদ পরবর্তী সময়ে সার প্রয়োগের

Teachingbd24.com

জন্য সেক্কিডিস্ক ব্যবহার করে পুকুরের প্রাকৃতিক খাদ্য পরীক্ষা করে প্রয়োজনীয় সার প্রয়োগ করেন। বর্তমানে সফল মৎস্য চাষী হিসেবে তিনি এলাকায় পরিচিত।

ক. মাছ চাষের জন্য পুকুরের পানিতে প্রতি লিটারে কী পরিমাণ দ্রবীভূত অক্সিজেনের প্রয়োজন? ১

খ. চুন পানির গুণগতমান বৃদ্ধি করে ব্যাখ্যা করো। ২

গ. তালেব তার পুকুর প্রস্তুতির সময় কতটুকু গোবর প্রয়োগ করেছিল হিসাব করে দেখাও। ৩

ঘ. তালেবের পুকুরের সার প্রয়োগ পদ্ধতি অর্থের অপচয় রোধ করে বেশি উৎপাদনে সহায়ক বিশ্লেষণ করো। ৪

৮.▶ সফিক সাহেব তার বন্ধু রফিকের জমিতে উন্নত জাতের নতুন গম দেখে চাষ করার সিদ্ধান্ত নিলেন। পরবর্তী মৌসুমে চাষের জন্য তিনি তার বন্ধুর নিকট থেকে বীজ সংগ্রহ করলেন। বীজগুলোর আর্দ্রতা পরীক্ষা করার জন্য ১০০ গ্রাম বীজ নিয়ে বীজের সম্পূর্ণ আর্দ্রতা বের করে ওজন নিয়ে ৯০ গ্রাম ওজন পেলেন। এরপর অঙ্কুরোদগম ও সতেজতা পরীক্ষা করে সন্তুষ্টচিত্তে গমের আবাদ করে কাঙ্ক্ষিত ফলন পান।

ক. মাটি কাকে বলে? ১

খ. FCR এর মান যত কম খাদ্যের গুণগত মান তত ভালো– ব্যাখ্যা করো। ২

গ. সফিক সাহেবের পরীক্ষিত বীজের আর্দ্রতার হার নির্ণয় করো। ৩

ঘ. সফিক সাহেবের বীজ পরীক্ষার কার্যক্রমটি মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# কৃষিশিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ২৫ মিনিট পূর্ণমান — ২৫ বিষয় কোড: | ১ | ৩ | ৪ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বাংলাদেশে বন সংরক্ষণ আইন কত সালে চালু করা হয়?**

ক ১৯৪৫ খ ১৯৬৪
গ ১৯৯০ ঘ ১৯৯৯

**২. দেশী পাটের জাত কোনটি?**

ক সিসি-৪৫ খ জলি কেনাফ
গ সিসি-৫০ ঘ নাইট্রো

**৩. 'ব্রিধান ৫৫' জাতটি কত সালে অনুমোদন লাভ করে?**

ক ২০০৯ খ ২০১০
গ ২০১১ ঘ ২০১২

**৪. ম্যানগ্রোভ বনের বৈশিষ্ট্য হলো—**

i. লোনা পানির বন
ii. ঊর্ধ্বমুখী বায়বীয় মূল
iii. প্রধান বৃক্ষ শাল

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৫. মাছের ভালো উৎপাদনের জন্য পুকুরের পানিতে কী পরিমাণ কার্বন ডাই-অক্সাইড থাকা প্রয়োজন?**

ক ১-২ পিপিএম খ ২-৩ পিপিএম
গ ৩-৪ পিপিএম ঘ ৪-৫ পিপিএম

**৬. 'সবুজ বাংলা' কী?**

ক পালংশাকের জাত খ পুঁইশাকের জাত
গ বেগুনের জাত ঘ কুমড়ার জাত

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

পুকুর হচ্ছে চাষকৃত মাছের ব্যবস্থাপনা যা থেকে মোট উৎপাদনের ১২ ভাগ আসে। তাই মাছের থাকা, খাদ্য গ্রহণ ও আশানুরূপ বৃদ্ধির জন্য পানির গুণাগুণ অনুকূল মাত্রায় থাকা দরকার।

**৭. নিচের কোনটি পানির ভৌত গুণাগুণ নয়?**

ক গভীরতা খ ঘোলাত্ব
গ তাপমাত্রা ঘ পিএইচ

**৮. রুই জাতীয় মাছের জন্য পুকুরের গ্রহণযোগ্য তাপমাত্রা কত?**

ক ১০-১৫° সে. খ ১৫-২০° সে.
গ ২৫-৩০° সে. ঘ ৩৫-৪০° সে.

**৯. ক্যাপসিউল জাতীয় বীজ—**

i. কড়ই
ii. মেহগনি
iii. চম্পা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১০. সর্বনিম্ন কী পরিমাণ জমি না থাকলে একটি কৃষি খামার পরিচালনা করা যায় না?**

ক ১ খ ২
গ ৩ ঘ ৪

**১১. ধানের টুংরো রোগের জন্য দায়ী কে?**

ক ব্লাস্ট খ ব্যাকটেরিয়া
গ ভাইরাস ঘ ছত্রাক

**১২. বাংলাদেশের বিভিন্ন নদ-নদী ও অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে প্রায় কতটি অভয়াশ্রম পরিচালনা করা হচ্ছে?**

ক ৩০০ খ ৩৫০
গ ৪৫০ ঘ ৫০০

Teachingbd24.com

১৩. তীব্র খরায় ফসলের ফলন কত ভাগ হ্রাস পায়?

ⓚ ৬০-৬৫ ⓚ ৭০-৯০
ⓖ ৮০-৯০ ⓖ ৯৫-৯৬

(ক) ৬০-৬৫ (খ) ৭০-৯০
(গ) ৮০-৯০ (ঘ) ৯৫-৯৬

১৪. জলবায়ু পরিবর্তনজনিত কারণে আমাদের দেশে ফসল উৎপাদনে—

i. রোগবালাই বৃদ্ধি পাবে
ii. জৈব পদার্থের পরিমাণ বৃদ্ধি পাবে
iii. ভূমির উর্বরতা হ্রাস পাবে


নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫. কোনটি ধানের স্থানীয় উন্নত জাত নয়?

(ক) গিরবি (খ) কটকতারা
(গ) হাসিকলমি (ঘ) কালিজিরা

নিচের উদ্দীপকটি দেখে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:



১৬. উপরোক্ত ছবিটি কোন জাতীয় উদ্ভিদের?

(ক) নির্গমনশীল (খ) ভাসমান
(গ) নিমজ্জিত (ঘ) লতানো

১৭. উদ্দীপকের উদ্ভিদটির বৈশিষ্ট্য—

i. এ সকল উদ্ভিদ পানিতে ভেসে থাকে
ii. এদের মূল মাটিতে আটকানো থাকে না
iii. এদের পাতা ও ডাল কখনো পানির উপরে আসে না

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮. ভূমিক্ষয় কত প্রকার?

(ক) ১ (খ) ২
(গ) ৩ (ঘ) ৪

১৯. কৃষি সমবায়ের হৃৎপিণ্ড কোনটি?

(ক) কৃষি উপকরণ (খ) মূলধন
(গ) সমবায় সংগঠন (ঘ) বীজ ও পানি

২০. পলিব্যাগের আকার ১৫ সে.মি. × ১০ সে. মি হলে প্রতি বর্গমিটারে চারার সংখ্যা কত হবে?

(ক) ২৬টি (খ) ৪৫টি
(গ) ৬৫টি (ঘ) ৭০টি

২১. উৎপাদনের দিক থেকে আম উৎপাদনে বাংলাদেশের স্থান কত?

(ক) প্রথম (খ) তৃতীয়
(গ) চতুর্থ (ঘ) অষ্টম

২২. 'ঘোড়াশাল' কোন ফসলের জাত?

(ক) আম (খ) কলা
(গ) আনারস (ঘ) লিচু

২৩. কোনটি বারমাসি সবজি?

(ক) পেঁপে (খ) টমেটো
(গ) গাজর (ঘ) বাঁধাকপি

২৪. সবুজ ঘাসে সাধারণত কত ভাগ আর্দ্রতা থাকে?

(ক) ৫০-৬০ (খ) ৬০-৭০
(গ) ৭৫-৮০ (ঘ) ৮৫-৯০

২৫. মাছ মারার বিষ হিসেবে কোনটি ব্যবহৃত হয়?

(ক) রোটেনন (খ) সিমাজিন
(গ) বোরাক্স (ঘ) ম্যালাথিয়ন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ |
| | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | | |

https://teachingbd24.com